বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।
ক্রেডিট বিভাগ
ফোন-৯৫৫০৪০৩, ই-মেইল dgmlad1@krishibank.org.bd

মুজিববর্ষের প্রতিশ্রুতি আর্থিক খাতের অগ্রগতি

নং- বিকেবি-প্রকা/ক্রেবি (শাখা-৩) প্রক্রেবি-৩(৪১)/২০২০-২০২১/ ৭১ (১২০০) তারিখঃ ০৮.০৭.২০২০

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ বাংলাদেশ ব্যাংকে কর্তৃক প্রণীত বিভিন্ন ঋণ/বিনিয়োগ প্রণোদনা প্যাকেজ বাস্তবায়ন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়ের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগের বিআরপিডি সার্কুলার লেটার নং-৩৫, তারিখঃ ০২/০৭/২০২০ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

০২। শিরোনামোক্ত বিষয়ে আপনাদের দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, কোভিড-১৯ এর প্রাদুর্ভাবের ফলে ক্ষতিগ্রস্ত শিল্প, সেবা ও কৃষিখাতসহ আয়-উৎসারী কর্মকান্ড পুনরায় সচল করার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক হতে বিভিন্ন ঋণ/বিনিয়োগ প্রণোদনা প্যাকেজ ঘোষণা করা হয়। উক্ত প্যাকেজসমূহ যথাসময়ে বাস্তবায়িত না হলে প্যাকেজ প্রণয়ণের মূল উদ্দেশ্যই ব্যাহত হবে।

০৩। ঋণ/বিনিয়োগ প্রণোদনা প্যাকেজগুলো দ্রুত ও যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংকের গভর্নর মহোদয়ের সভাপতিত্বে ১৭ জুন ২০২০ এবং ০২ জুলাই ২০২০ তারিখে ক্ষতিগ্রস্ত শিল্প ও সার্ভিস সেক্টরের প্রতিষ্ঠানসমূহের জন্য ওয়ার্কিং ক্যাপিটাল সুবিধা প্রদানের লক্ষ্যে ঘোষিত ৩০ হাজার কোটি টাকার প্যাকেজের আওতায় ৫০০ কোটি ও তদূর্ধ্ব অংকের বরাদ্দপ্রাপ্ত ব্যাংক এবং ক্ষুদ্র (কুটির শিল্পসহ) ও মাঝারি শিল্প প্রতিষ্ঠানসমূহের জন্য ওয়ার্কিং ক্যাপিটাল সুবিধা প্রদানের লক্ষ্যে ঘোষিত ২০ হাজার কোটি টাকার প্যাকেজের আওতায় ৩০০ কোটি ও তদূর্ধ্ব অংকের বরাদ্দপ্রাপ্ত ব্যাংকগুলোর প্রধান নির্বাহীগণের সাথে বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভাসমূহে ব্যাংকের প্রতিনিধিগণ জুলাই-২০২০ মাসের মধ্যে প্যাকেজগুলোর সিংহভাগ বাস্তবায়ন করার লক্ষ্যে সকল প্রকার উদ্যোগ গ্রহণ করা হয়েছে মর্মে বাংলাদেশ ব্যাংককে অবহিত করা হয়। বর্ণিত সভাসমূহে ব্যাংকগুলোর মাধ্যমে প্যাকেজ বাস্তবায়নে বাংলাদেশ ব্যাংক হতে সকল প্রকার সহযোগিতা প্রদান করা হবে মর্মে সকলকে জ্ঞাত করা হয়।

০৪। বর্ণিত সভাসমূহে উপস্থিত ব্যাংক প্রতিনিধিদের বক্তব্য অনুযায়ী তাদের কর্তৃক গৃহীত ও গৃহীতব্য ফলপ্রসূ পদক্ষেপ এর মাধ্যমে ঋণ/বিনিয়োগ প্রণোদনা প্যাকেজের সিংহভাগ জুলাই ২০২০ মাসের মধ্যে এবং অবশিষ্ট অংশ আগামী আগষ্ট ২০২০ মাসের মধ্যে বাস্তবায়ন করার জন্য পরামর্শ প্রদান করা যাচ্ছে।

০৫। বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকার ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগের বিআরপিডি সার্কুলার লেটার নং-৩৫, তারিখঃ ০২/০৭/২০২০ অপর পৃষ্ঠায় হুবহু পুনঃমুদ্রণ করা হলো। এমতাবস্থায়, সার্কুলারের নির্দেশনা মোতাবেক ক্ষতিগ্রস্ত শিল্প ও সার্ভিস সেক্টরের প্রতিষ্ঠানসমূহের জন্য ওয়ার্কিং ক্যাপিটাল সুবিধা প্রদানের লক্ষ্যে ঘোষিত ৩০ হাজার কোটি টাকার প্যাকেজের আওতায় বিকেবি'র নির্ধারিত ৭৩.০০ কোটি টাকা এবং ক্ষুদ্র (কুটির শিল্পসহ) ও মাঝারি শিল্প প্রতিষ্ঠানসমূহের জন্য ওয়ার্কিং ক্যাপিটাল সুবিধা প্রদানের লক্ষ্যে ঘোষিত ২০ হাজার কোটি টাকার প্যাকেজের আওতায় বিকেবি'র নির্ধারিত ১৩৪.০৭ কোটি টাকার ঋণ/বিনিয়োগ প্রণোদনা প্যাকেজ যথাসময়ে বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা গেল।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,
08/07/2020
(মোহাম্মদ মঈনুল ইসলাম )
সহকারী মহাব্যবস্থাপক
(বিভাগীয় দায়িত্বে)
ফোনঃ ৯৫৫০৪০৩

সংযুক্তিঃ বর্ণনামতে।

নং- বিকেবি-প্রকা/ক্রেবি (শাখা-৩) প্রক্রেবি-৩(৪১)/২০২০-২০২১/ ৭১(১২০০) তারিখঃ ০৮.০৭.২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২ ও ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। নথি/মহানথি।

০৮/০৭/২০২০

(মোঃ নাজমুল করিম চৌধুরী)
সহকারী মহাব্যবস্থাপক

website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

বিআরপিডি সার্কুলার লেটার নং- ৩৫

তারিখঃ ০২ জুলাই ২০২০
১৮ আষাঢ় ১৪২৭

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রণীত বিভিন্ন ঋণ/বিনিয়োগ প্রণোদনা প্যাকেজ বাস্তবায়ন প্রসংগে।

শিরোনামোক্ত বিষয়ে আপনাদের দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, কোভিড-১৯ এর প্রাদুর্ভাবের ফলে ক্ষতিগ্রস্ত শিল্প, সেবা ও কৃষিখাতসহ আয়-উৎসারী কর্মকান্ড পুনরায় সচল করার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক হতে বিভিন্ন ঋণ/বিনিয়োগ প্রণোদনা প্যাকেজ ঘোষণা করা হয়। উক্ত প্যাকেজসমূহ যথাসময়ে বাস্তবায়িত না হলে প্যাকেজ প্রণয়ণের মূল উদ্দেশ্যই ব্যাহত হবে।

০২। ঋণ/বিনিয়োগ প্রণোদনা প্যাকেজগুলো দ্রুত ও যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংকের গভর্নর মহোদয়ের সভাপতিত্বে ১৭ জুন ২০২০ এবং ০২ জুলাই ২০২০ তারিখে ক্ষতিগ্রস্ত শিল্প ও সার্ভিস সেক্টরের প্রতিষ্ঠানসমূহের জন্য ওয়ার্কিং ক্যাপিটাল সুবিধা প্রদানের লক্ষ্যে ঘোষিত ৩০ হাজার কোটি টাকার প্যাকেজের আওতায় ৫০০ কোটি ও তদূর্ধ্ব অংকের বরাদ্দপ্রাপ্ত ব্যাংক এবং ক্ষুদ্র (কুটির শিল্পসহ) ও মাঝারি শিল্প প্রতিষ্ঠানসমূহের জন্য ওয়ার্কিং ক্যাপিটাল সুবিধা প্রদানের লক্ষ্যে ঘোষিত ২০ হাজার কোটি টাকার প্যাকেজের আওতায় ৩০০ কোটি ও তদূর্ধ্ব অংকের বরাদ্দপ্রাপ্ত ব্যাংকগুলোর প্রধান নির্বাহীগণের সাথে বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভাসমূহে ব্যাংকের প্রতিনিধিগণ জুলাই-২০২০ মাসের মধ্যে প্যাকেজগুলোর সিংহভাগ বাস্তবায়ন করার লক্ষ্যে সকল প্রকার উদ্যোগ গ্রহণ করা হয়েছে মর্মে বাংলাদেশ ব্যাংককে অবহিত করা হয়। বর্ণিত সভাসমূহে ব্যাংকগুলোর মাধ্যমে প্যাকেজ বাস্তবায়নে বাংলাদেশ ব্যাংক হতে সকল প্রকার সহযোগিতা প্রদান করা হবে মর্মে সকলকে জ্ঞাত করা হয়।

০৩। বর্ণিত সভাসমূহে উপস্থিত ব্যাংক প্রতিনিধিদের বক্তব্য অনুযায়ী তাদের কর্তৃক গৃহীত ও গৃহীতব্য ফলপ্রসূ পদক্ষেপ এর মাধ্যমে ঋণ/বিনিয়োগ প্রণোদনা প্যাকেজের সিংহভাগ জুলাই ২০২০ মাসের মধ্যে এবং অবশিষ্ট অংশ আগামী আগষ্ট ২০২০ মাসের মধ্যে বাস্তবায়ন করার জন্য পরামর্শ প্রদান করা যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত,

মোঃ নজরুল ইসলাম
মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০২৫২

উপ-ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়-১
বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা
নং ... তারিখ ৫-৭-২০২০